

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 05-04-2026**

**Time: 07:55-08:05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**PM:**

প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী বলেছেন, মধ্য প্রাচ্যে ভারতীয়দের বিশেষ করে কেরালাম বাসীদের নিরাপত্তার বিষয়টি সরকারের কাছে সর্বোচ্চ অগ্রাধিকার। থিরুভান্নামতে গতকাল এনডিএ প্রচারে অংশ নিয়ে শ্রী মোদী বলেন, এই কঠিন সময়ে উপসাগরীয় দেশগুলোর সাথে ভারতীয়দের নিরাপত্তার বিষয়ে কেন্দ্র সরকার যোগাযোগ রেখে চলেছে।

\*\*\*\*\*

**Bye Election-Postal Ballot :**

ধর্মনগরের উপনির্বাচনে পোস্টাল ব্যালটের ভোট গ্রহণের কাজ গতকাল শেষ হয়েছে। নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মী, নিরাপত্তা কর্মী ও অন্যান্য কর্মীরা গত দুদিন পোস্টাল ব্যালটে ভোট দিয়েছেন। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে গত শুক্রবার ৯৯ জন এবং গতকাল ৭০ জন পোস্টাল ব্যালটে ভোট দেন।

\*\*\*\*\*

**Road march :**

পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার এবং পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠকের নেতৃত্বে গতকাল সন্ধ্যায় মোহনপুর মহকুমার বোধজংনগর ওয়াকিনগর কেন্দ্রের বড়কাঠাল বাজার এলাকায় রোডমার্চ করা হয়। এতে পুলিশ ও টিএসআর জওয়ানরা সামিল ছিলেন। জেলা শাসক ডাঃ

কুমার জানান, ভোটাররা নির্বিঘ্নে ভয়মুক্ত পরিবেশে যাতে ভোট দিতে পারেন এই বার্তা দিতে রোডমার্চ করা হয়েছে। রোডমার্চের সময় ব্যবসায়ী ও সাধারণ নাগরিকদের সঙ্গে কথা বলেন জেলা শাসক।

\*\*\*\*\*

## **Petroleum Ministry:**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় জানিয়েছে, সরকার সারাদেশে পেট্রোল, ডিজেল ও এলপিগ্যাসের সরবরাহ নিশ্চিত করতে সর্বাত্মক চেষ্টা করছে। মন্ত্রক নাগরিকদেরকে আতঙ্কিত হয়ে পেট্রোল ও ডিজেল কেনা এবং অপ্রয়োজনীয়ভাবে এলপিগ্যাস বুকিং করা থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছে। মন্ত্রণালয় নাগরিকদের পিএনজি, ইন্ডাকশনের মতো বিকল্প জ্বালানি ব্যবহারে উৎসাহিত করেছে। পর্যাপ্ত অপরিিশোধিত তেলের মজুতসহ সমস্ত শোধনাগার উচ্চ ক্ষমতায় কাজ করছে বলে পেট্রোলিয়াম মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে।

এদিকে, গতকাল আগরতলায় খাদ্য দপ্তরের সচিব দেবপ্রিয় বর্ধন সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন রাজ্যে এলপিগ্যাস, পেট্রোল ও ডিজেলের মজুত ও সরবরাহ স্বাভাবিক রয়েছে। তিনি জানান, আর কে নগরে এলপিগ্যাস সিলিন্ডার বটলিং প্ল্যান্ট থেকে রাজ্যের ৫ জেলায় এলপিগ্যাস সিলিন্ডার সরবরাহ করা হচ্ছে। এছাড়া, শিলচর থেকে আনা এলপিগ্যাস সিলিন্ডারগুলিও রাজ্যের বিভিন্ন জেলায় সরবরাহ করা হচ্ছে। তিনি জানান, রাজ্যে পিএনজি সিএনজি সরবরাহ স্বাভাবিক রয়েছে।

\*\*\*\*\*

**ECI :**

ভারতের নির্বাচন কমিশন ত্রিপুরা সহ ৮টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে গণপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ধারা ১৩৫বি অনুযায়ী, ব্যবসা, বাণিজ্য, শিল্প প্রতিষ্ঠান বা অন্য কোনো প্রতিষ্ঠানে নিযুক্ত এবং লোকসভা বা রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলের বিধানসভা নির্বাচন বা কোনো সংসদীয়/বিধানসভা কেন্দ্রে ভোট দেওয়ার অধিকারপ্রাপ্ত প্রত্যেক কর্মচারীকে ভোটগ্রহণের দিনে বেতনসহ ছুটি প্রদান করার ঘোষণা করেছে।

এই বেতনসহ ছুটির জন্য কোনো মজুরি কাটা যাবে না। কোনো নিয়োগকর্তা এই বিধান লঙ্ঘন করলে তিনি জরিমানার জন্য দায়ী থাকবেন। ওই আইন অনুসারে সকল দৈনিক মজুরি ভিত্তিক ও অস্থায়ী কর্মীরাও ভোটের দিনে বেতনসহ ছুটির অধিকারী।

\*\*\*\*\*

### **Provision of Mobility Aids:**

গতকাল দক্ষিণ জেলা প্রতিবন্ধী পুনর্বাসন কেন্দ্রে আগরতলার আশা ওয়েলফেয়ার সোসাইটি ও জয়পুরের শ্রী ভগবান মহাবীর বিকলাঙ্গ সহায়তা সমিতির নয়টি শাখার উদ্যোগে জেলার প্রতিবন্ধীদের বিনামূল্যে কৃত্রিম অঙ্গ, ক্যালিপার ও বিভিন্ন সহায়ক উপকরণ প্রদান করা হয়। দক্ষিণ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই শিবিরে ১টি কমোড চেয়ার, দুইটি করে এলএস বেল্ট ও ব্লাইন্ড স্টিক, চারটি কোয়ালিটিপড স্টিক, ১০টি ওয়াকিং স্টিক ৬টি ফোল্ডিং ওয়াকার ও ৩৪টি হুইল চেয়ার সহ বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়।

\*\*\*\*\*

**Om Birla:**

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ দেশের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী জগ জীবন রামের জন্মজয়ন্তীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক বার্তায় শ্রী বিড়লা শ্রদ্ধা নিবেদনের সাথে প্রয়াত উপ-প্রধানমন্ত্রীর সফল কর্মজীবনের নানা দিক তুলে ধরে তাঁর ভূয়সী প্রশংসা করেন।

\*\*\*\*\*

## **Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা, ধলাই, উনকোটি, খোয়াই, সিপাহীজলা ও পশ্চিম জেলাতে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ আকাশ প্রধানত মরুঘ্লা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*